সংবাদ বিজ্ঞপ্তি

**নির্বাচন কমিশনের অনুসন্ধান কমিটি গঠন প্রক্রিয়ায় বিরোধীদলের অংশগ্রহণ নিশ্চিত করতে টিআইবির আহ্বান**

**ঢাকা, জানুয়ারি ১৬, ২০১২:** নির্বাচন কমিশনের অনুসন্ধান কমিটি গঠনে রাষ্ট্রপতির প্রস্তাবের ব্যাপারে আজ গণমাধ্যমে প্রকাশিত সংবাদকে স্বাগত জানিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) উক্ত অনুসন্ধান কমিটির গঠন প্রক্রিয়ায় প্রধান বিরোধীদলের অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানিয়েছে।

অন্যদিকে বিরোধীদল কর্তৃক কোন বিকল্প প্রস্তাব প্রদান না করে ঢালাওভাবে এ উদ্যোগ প্রত্যাখান করাও গণতান্ত্রিক চর্চার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় উল্লেখ করে টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারুজ্জামান** বলেন, 'অনুসন্ধান কমিটিতে যে পাঁচ সদস্যের অর্ন্তভুক্তির কথা গণমাধ্যমে বলা হয়েছে তাদের প্রাতিষ্ঠানিক অবস্থান ও মর্যাদার বিষয় প্রশ্নাতীত, তবে দেশের বিদ্যমান দ্বান্দ্বিক রাজনীতির বাস্তবতার প্রেক্ষিতে এই অনুসন্ধান কমিটি গঠন ও এর কার্যপদ্ধতি নিরূপণে বিরোধীদলের অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হলে কমিটির কাজের সাফল্যের সম্ভাবনাকে বৃদ্ধি করবে। এক্ষেত্রে সরকারি ও বিরোধী উভয় পক্ষেরই দ্বন্দ্বের পথ পরিহার করে আলোচনা ও সমঝোতার পথ অবলম্বন করা অপরিহার্য।'

তিনি আরো বলেন, 'নির্বাচন কমিশন গঠন প্রক্রিয়ায় বিরোধীদলের অংশগ্রহণ ও গ্রহণযোগ্যতা নিশ্চিত না হলে ঐক্যমতের ভিত্তিতে নতুন নির্বাচন কমিশন গঠনের সম্ভাবনা দুরুহ হয়ে পড়বে। অনুসন্ধান কমিটি গঠন প্রক্রিয়ায় বিরোধীদলের অংশগ্রহণ যেমন গুরুত্বপূর্ণ তেমনিভাবে অনুসন্ধান কমিটির কার্যক্রমে পরিপূর্ণ স্বচ্ছতা ও কোন প্রকার প্রভাবহীনতা নিশ্চিত করাও সমানভাবে অপরিহার্য।'

নির্বাচন কমিশন সংক্রান্ত প্রস্তাবিত আইন প্রণয়ন প্রক্রিয়ায় সংসদে প্রতিনিধিত্বকারী সকল রাজনৈতিক দলের অংশগ্রহণ নিশ্চিত করাও গুরুত্বপূর্ণ বলে টিআইবি মনে করে এবং একইসাথে খসড়া আইনের ওপর সংসদের বাইরে ও সংশ্লিষ্ঠ বিশেষজ্ঞসহ আগ্রহী সকলের মতামত সংগ্রহের পরামর্শ জানায় টিআইবি।

উল্লেখ্য, নির্বাচন কমিশন গঠনে সকল রাজনৈতিক দলের সাথে আলোচনার প্রাক্কালে গত ২১ ডিসেম্বর টিআইবি মহামান্য রাষ্ট্রপতির কাছে ৬ দফা সুপারিশ সম্বলিত একটি পলিসি ব্রিফ উপস্থাপন করে। টিআইবি'র পলিসি ব্রিফে সরকারি ও বিরোধীদলের মনোনীত সমান সংখ্যক ও স্পীকার সহ ৫-৭ সদস্য নিয়ে গঠিত একটি বিশেষ সংসদীয় কমিটি কর্তৃক অনুসন্ধান কমিটি গঠনের সুপারিশ করা হয়েছিল।

অনুসন্ধান কমিটি কর্তৃক প্রস্তাবিত নামের তালিকা জনসমক্ষে প্রকাশ এবং চুড়ান্ত নিয়োগের পূর্বে সংসদীয় বিশেষ কমিটি কর্তৃক শুনানীর প্রস্তাব করা হয় টিআইবি'র পক্ষ থেকে।

**গণমাধ্যম যোগাযোগ:**

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২